# সাস্টবার্তা

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ত্রৈমাসিক মুখপত্র ॥ ৩৭তম সংখ্যা ॥ জানুয়ারি-মার্চ ২০১৯ ॥ পৌষ- চৈত্র ১৪২৫





বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম বার্ষিকী ও জাতীয় শিশু দিবসে ক্যাম্পাসে আনন্দ শোভাযাত্রা

## বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালিত

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে যথাযথ মর্যাদায় গত ১৭ মার্চ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম বার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালিত হয়। দিবসের কর্মসূচির মধ্যে ছিল বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, শোভাযাত্রা, স্কুলের ছাত্রছাত্রীদের নিয়ে কুইজ প্রতিযোগিতা, বঙ্গবন্ধুকে নিয়ে ডকুমেন্টারি প্রদর্শন, মিলাদ ও দোয়া মাহফিল এবং প্রার্থনা সভা।

ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ সকাল ৯:৩০ মিনিটে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। ভাইস চ্যান্সেলরের পুষ্পস্তবক অর্পণের পর বিভিন্ন বিভাগ, আবাসিক হল এবং বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও ছাত্র সংগঠনের পক্ষ থেকে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

পরে ভাইস চ্যান্সেলরের নেতৃত্বে ক্যাম্পাসে বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হয়। শোভাযাত্রা পরবর্তী সমাবেশে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, বাঙালি জাতি বঙ্গবন্ধুর কাছে চির ঋণী। তাঁর অবদানের ফলেই আমরা স্বাধীন দেশে আমাদের জন্য উন্নতির জন্য কাজ করতে পারছি।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম বার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদ্‌যাপন কমিটির সভাপতি প্রফেসর ড. এস এম সাইফুল ইসলাম দিবসের কর্মসূচিতে অংশগ্রহণের জন্য বিশ্ববিদ্যালয় পরিবারের সকলকে ধন্যবাদ জানান।

র‍্যালি ও সমাবেশ শেষে মিনি অডিটোরিয়ামে স্কুলের শিক্ষার্থীদের কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় এবং পরে বঙ্গবন্ধুকে নিয়ে ডকুমেন্টারি প্রদর্শন করা হয়। তাছাড়া বাদ যোহর কেন্দ্রীয় মসজিদে মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয় এবং বঙ্গবন্ধুর আত্মার মাগফিরাত কামনা করে দোয়া করা হয়। সন্ধ্যায় বিশ্ববিদ্যালয় সেন্টারে প্রার্থনা সভা অনুষ্ঠিত হয়।



মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে কেন্দ্রীয় শহিদ মিনরে পুষ্পস্তবক অর্পণ

# মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপিত

গত ২৬ মার্চ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপিত হয়েছে। এ উপলক্ষে সকাল ৭.৩০ মিনিটে প্রশাসন ভবনের সামনে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। দিবসটির অন্যান্য কর্মসূচির মধ্যে ছিল ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদের নেতৃত্বে ৭.৪৫ মিনিটে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ, সকাল ৮টায় মুক্ত মঞ্চে বঙ্গবন্ধুর ভাষণ, ৮.৩০ মিনিটে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, সকাল ৯টায় স্বাধীনতা দিবস উপলক্ষে মুক্তমঞ্চের সামনে স্কুলের শিক্ষার্থীদের নিয়ে অনুষ্ঠান।

সকাল ১০ টায় বিশ্ববিদ্যালয়ের মিনি অডিটরিয়ামে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ সকলকে স্বাধীনতা দিবসের শুভেচ্ছা জানিয়ে বলেন, আজকের এই দিনে স্মরণ করছি স্বাধীনতার ঘোষক সর্বকালের শ্রেষ্ঠ বাঙালি জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে, যার সঠিক ও দূরদর্শী নেতৃত্বে আমরা পেয়েছিলাম প্রিয় স্বাধীনতা।

শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. এস এম সাইফুল ইসলামের সভাপতিত্বে আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক প্রফেসর মোহাম্মদ আনোয়ার হোসেন। এসময় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সিন্ডিকেট সদস্য প্রফেসর ড. মো. জহির বিন আলম, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মো. আবদুল গনি, সেন্টার অব এক্সিলেন্স-এর পরিচালক প্রফেসর ড. মো. আখতারুল ইসলাম, ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি মুর্শেদ আহমেদ, সহায়ক কর্মচারী সমিতি সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলম, কর্মচারী ইউনিয়নের সভাপতি মো. বিল্লাল মিয়া, শাহজালাল বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের ভারপ্রাপ্ত সভাপতি রুহুল আমীন ও সাধারণ সম্পাদক ইমরান খান। অনুষ্ঠান সঞ্চালনা করেন রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন।

বিকাল ৪ টায় বিশ্ববিদ্যালয়ের মুক্ত মঞ্চে ছাত্রছাত্রীদের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

# আন্তর্জাতিক মাতৃভাষা ও মহান শহিদ দিবস

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে গত ২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা ও মহান শহীদ দিবস পালিত হয়। দিবসের কর্মসূচির মধ্যে ছিল জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয় পতাকা উত্তোলন, প্রভাতফেরি ও শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ, বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, মুক্ত আলোচনা, চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান।

দিবসের শুরুতে সকাল ৭:৩০ মিনিটে প্রশাসনিক ভবনের সামনে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন করা হয়। সকাল ৭:৪০ মিনিটে প্রভাতফেরি ও শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ, সকাল ৮ টায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

বিশ্ববিদ্যালয় প্রশাসনের পুষ্পস্তবক অর্পণের পর যথাক্রমে শিক্ষক সমিতি, শাবি অফিসার্স এসোসিয়েশন, বঙ্গবন্ধু পরিষদ, বিভিন্ন ছাত্র সংগঠন, বিভাগ, আবাসিক হল, এবং স্বেচ্ছাসেবী ও সাংস্কৃতিক সংগঠনের পক্ষ থেকে শহীদ মিনার এবং বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়।




আন্তর্জাতিক মাতৃভাষা ও মহান শহিদ দিবসে বক্তব্য রাখছেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ

সকাল ১০ টায় মিনি অডিটরিয়ামে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, ৫২র ভাষা আন্দোলন বাংলা ভাষার তাৎপর্য বহনের সাথে সাথে বাংলাদেশের স্বাধীনতার জন্য প্রারম্ভিক পদক্ষেপ ছিল। এ আন্দোলনের ফলশ্রুতিতেই বাঙালি জাতি নিজেদের অধিকার আদায়ে সচেষ্ট হয়।

আন্তর্জাতিক মাতৃভাষা ও শহিদ দিবস উদ্‌যাপন কমিটির সভাপতি প্রফেসর ড. মো. আখতারুল ইসলামের সভাপতিত্বে আলোচনা সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. আবদুল গনি, এগ্রিকালচার এন্ড মিনারেল সায়েন্সেস অনুষদের ডিন প্রফেসর ড. মোহাম্মদ বেলাল উদ্দিন, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. এস এম সাইফুল ইসলাম, ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, প্রফেসর ড. সৈয়দ সামসুল আলম, সিন্ডিকেট সদস্য প্রফেসর ড. মো. জহির বিন আলম, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক প্রফেসর মোহাম্মদ আনোয়ার হোসেন, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি মুর্শেদ আহমদ, কর্মচারী সমিতির সাধারণ সম্পাদক মো. জাহাঙ্গির, শাবিপ্রবি ছাত্রলীগের ভারপ্রাপ্ত সভাপতি মো. রুহুল আমীন ও সাধারণ সম্পাদক ইমরান খান, সাধারণ ছাত্রছাত্রীর পক্ষে বক্তব্য রাখেন শাবি প্রেসক্লাবের সভাপতি জিয়াউল ইসলাম। আলোচনা সভা সঞ্চালনা করেন রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন।

# বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ উপলক্ষে কর্মসূচি পালন

গত ৭ মার্চ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ মার্চের ভাষণ বিভিন্ন কর্মসূচি পালন করা হয়। সকাল ৮ টা থেকে বঙ্গবন্ধু চত্বরে ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ প্রচার করা হয়। সকাল ৯:২০ মিনিটে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদের নেতৃত্বে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। পরে ৯:৩০ মিনিটে বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষক এবং কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে এক বর্ণাঢ্য র‌্যালি বের হয়। র‌্যালিটি বঙ্গবন্ধু চত্বর থেকে ক্যাম্পাস প্রদক্ষিণ করে বঙ্গবন্ধু চত্বর ফিরে এসে শেষ হয়।

র‌্যালি শেষে সমাবেশে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন বলেন, বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ বিশ্বের ইতিহাসে এক অনবদ্য দলিল। এই ভাষণের মাধ্যমেই বাঙালি জাতি স্বাধীনতা যুদ্ধের জন্য উদ্বুদ্ধ হয় এবং যুদ্ধে ঝাঁপিয়ে পড়ার প্রস্তুতি নেয়। এজন্যই আজ আমরা একটি স্বাধীন জাতি হিসেবে বিশ্বে মাথা উঁচু করে দাঁড়াতে পেরেছি।

শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. এস এম সাইফুল ইসলামের সঞ্চালনায় সমাবেশে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক প্রফেসর মোহাম্মদ আনোয়ার হোসেন, স্কুল অব সোস্যাল সায়েন্সেসের ডিন প্রফেসর ড. আবদুল গনি, প্রক্টর প্রফেসর জহীর উদ্দিন আহমদ প্রমুখ।




শাবিপ্রবির ২৮তম প্রতিষ্ঠা বার্ষিকীতে ক্যাম্পাসে শোভাযাত্রা

# শাবিপ্রবির ২৮তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

গত ১লা ফাল্গুন, ১৪২৫, ১৩ ফেব্রুয়ারি শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২৮তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়। এ উপলক্ষে সকাল ৯.৩০ টায় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ ও বিশ্ববিদ্যালয় দিবস উদ্‌যাপন কমিটির সভাপতি প্রফেসর ড. মো. আখতারুল ইসলাম প্রশাসনিক ভবনের সামনে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন করেন। সকাল ৯ টা ৪০ মিনিটে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ ক্যাম্পাসের বঙ্গবন্ধু চত্বরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন। বেলা ১০টায় প্রশাসনিক ভবনের সম্মুখ থেকে ক্যাম্পাসে বর্ণাঢ্য র‍্যালি বের করা হয়। র‍্যালিতে বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ অংশগ্রহণ করেন।


র‍্যালি শেষে মুক্তমঞ্চে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ সকলকে বিশ্ববিদ্যালয় দিবসের ও ১লা ফাল্গুনের শুভেচ্ছা জানিয়ে বলেন, প্রতিষ্ঠা বার্ষিকীতে আমাদের অঙ্গীকারবদ্ধ হতে হবে, আমরা যেন সকলে মিলে বিশ্ববিদ্যালয়ের অবস্থানকে ধরে রাখতে পারি।

এসময় বিশ্ববিদ্যালয় দিবস উদ্‌যাপন কমিটির সভাপতি প্রফেসর ড. মো. আখতারুল ইসলাম, প্রফেসর ড. সৈয়দ সামসুল আলম, শিক্ষক সমিতির নব নির্বাচিত সভাপতি প্রফেসর ড. সাইফুল ইসলাম, প্রক্টর প্রফেসর জহীর উদ্দিন আহমদ, রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন সহ বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান, দপ্তর প্রধানগণ উপস্থিত ছিলেন।

পরে ২৮তম প্রতিষ্ঠা বার্ষিকী তথা শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে কেক কাটা হয়।

# ইঞ্জিনিয়ারিং রিসার্স ইনোভেশন এন্ড এডুকেশন বিষয়ক আন্তর্জাতিক কনফারেন্স অনুষ্ঠিত

গত ২৫-২৭ জানুয়ারি শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের স্কুল অব এপ্লাইড সায়েন্সেস এন্ড টেকনোলজির উদ্যোগে 'ইঞ্জিনিয়ারিং রিসার্স ইনোভেশন এন্ড এডুকেশন' বিষয়ক আন্তর্জাতিক কনফারেন্স অনুষ্ঠিত হয়।




এপ্লাইড সায়েন্সেস আয়োজিত কনফারেন্সে অতিথিবৃন্দের সঙ্গে অংশগ্রহণকারী শিক্ষার্থীবৃন্দ

২৫ জানুয়ারি সকাল ১০টায় সেন্ট্রাল অডিটরিয়ামে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ কনফারেন্স আয়োজকদের ধন্যবাদ জানিয়ে বলেন, বর্তমান সরকার একটি ডিজিটাল ও সমৃদ্ধ বাংলাদেশের জন্য কাজ করে যাচ্ছে। আর এ কনফারেন্স সরকারের কর্মপ্রচেষ্টায় সহায়ক ভূমিকা পালন করবে।

ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ ফনফারেন্সে আগত দেশী-বিদেশী অতিথিদের ক্যাম্পাসে স্বাগত জানান।

উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. ইলিয়াস উদ্দীন বিশ্বাস। এতে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ইন্দোনেশিয়ার বগর এগ্রিকালচারাল ইউনিভার্সিটির প্রফেসর ড. দারদা ইফেন্দি, মালয়েশিয়ার ন্যাশনাল এনার্জি ইউনিভার্সিটির প্রফেসর ড. নওশাদ আমীন এবং মালয়েশিয়ার ফাহাং ইউনিভার্সিটির ড. মো. মাকসুদুর রহমান খান।

স্কুল অব এপ্লাইড সায়েন্সেস এন্ড টেকনলোজির ডিন প্রফেসর ড. আবুল মুকিত মোহাম্মদ মোকাদ্দেসের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন কনফারেন্সের সেক্রেটারি প্রফেসর ড. মো. জহিরুল ইসলাম।

২৭ জানুয়ারি কনফারেন্সের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. ফরিদ উদ্দিন আহমেদ।

স্কুল অব এপ্লাইড সায়েন্সেস এন্ড টেকনলোজির ডিন প্রফেসর ড. আবুল মুকিত মোহাম্মদ মোকাদ্দেসের সভাপতিত্বে সমাপনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ডেফোডিল ইউনিভার্সিটির ইমিরেটস প্রফেসর ড. এম ফিরোজ আহমেদ এবং ভারতের আসাম বিশ্ববিদ্যালয়ের প্রফেসর সুদীপ্ত রায়।

এতে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন প্রফেসর ড. মোহাম্মদ ইকবাল, প্রফেসর ড. মো. আখতারুল ইসলাম, কনফারেন্সের কোষাধ্যক্ষ প্রফেসর ড. আজিজুল হক এবং কনফারেন্সের সেক্রেটারী প্রফেসর ড. মোহাম্মদ জহিরুল ইসলাম।

দেশী-বিদেশী গবেষকদের অংশগ্রহণে অনুষ্ঠিত এ কনফারেন্সে মোট ১৫২টি গবেষণা প্রবন্ধ ও ২৫টি পোস্টার উপস্থাপিত হয়।




অর্থনীতি বিভাগের উদ্যোগে অনুষ্ঠিত জাতীয় কনফারেন্সে অতিথিবৃন্দ

# অর্থনীতি বিভাগের উদ্যোগে জাতীয় কনফারেন্স অনুষ্ঠিত

গত ৩০ জানুয়ারি শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের উদ্যোগে আয়োজিত দুইদিনব্যাপী Bangladesh Development Perspective: Issues of Economic Justice and Morality শীর্ষক জাতীয় কনফারেন্সের উদ্বোধন করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

সকাল সাড়ে ৯টায় মিনি অডিটরিয়ামে কনফারেন্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, বর্তমানে বাংলাদেশ অর্থনৈতিক ক্ষেত্রে অনেক অগ্রসর। দেশে মাথাপিছু আয় বেড়েছে। উন্নয়নের বিভিন্ন সূচকে দেশের অবস্থান আগের চেয়ে ভাল। এখন আমাদের প্রয়োজন অর্থনৈতিক সুবিচার, সমতা ও নৈতিকতার উপর বেশি

জোর দেওয়া। কারণ, অর্থনৈতিক সুবিচার ও সমতা ছাড়া আমাদের উন্নয়ন অর্থহীন হয়ে যাবে।

অনুষ্ঠানের কী-নোট স্পিকার প্রফেসর ড. ওয়াহিদ উদ্দিন মাহমুদ বলেন, অর্থনীতির মৌলিক তত্ত্বগুলোতে ব্যক্তি স্বার্থের উপরই গুরুত্ব দিয়ে থাকে। কাজেই অর্থনৈতিক সুবিচার ও নৈতিকতা নিশ্চিত করতে হলে অর্থনীতিবিদদের নিজের ডিসিপ্লিন থেকে বের হয়ে চিন্তা করতে হবে এবং কোন্ ধরণের সুবিচার ও নৈতিকতাসম্পন্ন সমাজ প্রতিষ্ঠা করা যায় সে ব্যাপারে তাদের ভাবতে হবে। অর্থনীতিবিদদের লাভ-ক্ষতির হিসাব করার সময় শুধু বর্তমান সময়ের লাভের চিন্তা করলে অর্থনৈতিক উন্নয়ন সমাজের জন্য সুষম ফল বয়ে আনবে না। তাই তাদেরকে ভবিষ্যত প্রজন্মের উন্নয়নের বিষয়টিও বিবেচনা করতে হবে।

সাবেক তত্ত্বাবধায়ক সরকারে উপদেষ্টা ড. হোসেন জিল্লুর রহমান এবং বাংলাদেশ ইনস্টিটিউট অব ডেভেলপমেন্ট স্টাডিজের গবেষণা পরিচালক ড. বিনায়ক সেন বক্তব্য রাখেন

অর্থনীতি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোহাম্মদ আব্দুল মুনিম জোয়ারদারের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বিভাগের শিক্ষক প্রফেসর সৈয়দ হাসানুজ্জামান।




সমাজকর্ম বিভাগের কর্মশালায় বক্তব্য রাখছেন ভাইস চ্যান্সেলর

## সমাজকর্মের ফিল্ড প্র্যাকটিকাম বিষয়ক আন্তর্জাতিক কর্মশালা অনুষ্ঠিত

গত ৭ ফেব্রুয়ারি শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মিনি অডিটরিয়ামে সমাজকর্ম বিভাগের উদ্যোগে সমাজকর্মের ফিল্ড প্র্যাকটিকাম বিষয়ে এক আন্তর্জাতিক কর্মশালা অনুষ্ঠিত হয়।

সকাল ১০টায় কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, কল্যাণমূলক রাষ্ট্র প্রতিষ্ঠার জন্য অর্থনৈতিক ও সামাজিক পরিবর্তনের সাথে সাথে রাষ্ট্রের গুণগত পরিবর্তনের জন্য সমাজকর্মের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমাদের দেশে সমাজকর্ম পেশাকে এখনো রাষ্ট্রীয় স্বীকৃতি দেয়া হয়নি। কিন্তু বর্তমানে এ পেশার গুরুত্ব বৃদ্ধি পাচ্ছে। দেশে ক্রমাগত উন্নয়নের সাথে সাথে যেসব সামাজিক সমস্যা উদ্ভব হচ্ছে সেগুলো সুন্দরভাবে মোকাবেলা ও ব্যবস্থাপনা করার জন্য পেশাদার সমাজকর্মের ভূমিকা প্রয়োজন।

বিভাগীয় প্রধান প্রফেসর ড. ফয়সল আহম্মদের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. ইলিয়াস উদ্দীন বিশ্বাস, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মো. আবদুল গনি, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সমাজকর্ম বিভাগীয় প্রধান প্রফেসর ড. মো. আনোয়ার হোসেন এবং আসাম বিশ্ববিদ্যালয়ের সমাজকর্ম বিভাগের প্রফেসর ড. শুভব্রত দত্ত।

উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সমাজকর্ম বিভাগের প্রফেসর ড. মো. ইসমাইল হোসেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন সহকারী অধ্যাপক প্রিয়াঙ্কা ভট্টাচার্য।

কর্মশালায় সমাজকর্ম বিভাগের শিক্ষার্থী, বিভিন্ন কলেজের সমাজকর্মের শিক্ষক এবং সমাজসেবামূলক বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন।



সিইপি বিভাগের রজতজয়ন্তী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন ভাইস চ্যান্সেলর

## সিইপি বিভাগের রজতজয়ন্তী অনুষ্ঠান সম্পন্ন

গত ২৮-২৯ মার্চ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে দুইদিনব্যাপী কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং (সিইপি) বিভাগের রজত জয়ন্তী (২৫ বছর পূর্তি) অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে প্রধান পৃষ্ঠপোষক হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

২৮ মার্চ রজতজয়ন্তী অনুষ্ঠানের উদ্বোধনী পর্বে ভাইস চ্যান্সেলর ফরিদ উদ্দিন আহমেদ প্রধান পৃষ্ঠপোষকের বক্তব্যে উৎসব আয়োজনে সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন জানিয়ে বলেন, ২৫ বছরের দীর্ঘ পথ চলায় এ বিভাগ মানসম্পন্ন গ্রাজুয়েট তৈরি করেছে যারা দেশে ও বিদেশে সুনামের সাথে কাজ করে যাচ্ছে। এ অগ্রযাত্রা অব্যাহত থাকুক।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বুয়েটের সাবেক ভাইস চ্যান্সেলর প্রফেসর অ্যামিরিটাস (কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং) ড. ইকবাল মাহমুদ। এ সময় বিশেষ অতিথি হিসেবে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সিইপি বিভাগের প্রথম বিভাগীয় প্রধান প্রফেসর ড. জয়নাল আবেদীন, ইঞ্জিনিয়ার মো.আবদুর সবুর, প্রফেসর ড. মো. আখতারুল ইসলাম, প্রফেসর ড. সালাতুল ইসলাম মজুমদার প্রমুখ।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সিইপি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. ইঞ্জিনিয়ার সালমা আকতার ও শুভেচ্ছা বক্তব্য রাখেন অনুষ্ঠানের আহ্বায়ক প্রফেসর ড. মোহাম্মদ মস্তাবুর রহমান।

## বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা: বাংলাদেশ প্রেক্ষিত শীর্ষক এক কর্মশালা অনুষ্ঠিত

গত ২২ ফেব্রুয়ারি শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মিনি অডিটরিয়ামে 'বার্ষিক কর্ম সম্পাদন ব্যবস্থাপনা : বাংলাদেশ প্রেক্ষিত' শীর্ষক শিক্ষক-কর্মকর্তাদের এক কর্মশালা অনুষ্ঠিত হয়।

বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ সকাল ৯টায় কর্মশালার উদ্বোধন করেন। তিনি তাঁর উদ্বোধনী বক্তব্যে বলেন, জ্ঞান, আচরণ ও দক্ষতা- এই তিনটি বিষয়ের অনন্য সমন্বয়ের ফলেই গুণগত শিক্ষাব্যবস্থা নিশ্চিত হবে। আর এই বিষয়গুলোর মান উন্নয়নের জন্য কর্ম সম্পাদন ব্যবস্থাপনা সম্পর্কে কর্মশালার প্রয়োজন।

উদ্বোধনী অনুষ্ঠান শেষে কর্মশালা পর্বে গভর্নমেন্ট পারফরমেন্স ম্যানেজমেন্ট সিস্টেম: কনসেপ্ট এন্ড কনটেন্ট বিষয়ে প্রেজেন্টেশন উপস্থাপন করেন সংস্কৃতি মন্ত্রণালয়ের উপ-সচিব মো. কামরুল হাসান, APA Evaluation & APMS বিষয়ে কেবিনেট ডিভিশনের সিনিয়র সহকারী সচিব মোহাম্মদ সাইফুল ইসলাম এবং শিক্ষা মন্ত্রণালয়ের ডেপুটি সেক্রেটারি মিসেস জাকিয়া পারভীন Annual Performance Agreement (APA): Bangladesh Perspective বিষয়ে প্রেজেন্টেশন উপস্থাপন করেন।

ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাপনী পর্বে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান প্রফেসর আব্দুল মান্নান।

প্রফেসর আব্দুল মান্নান তাঁর সমাপনী বক্তব্যে বাংলাদেশ সরকারের সুশাসন প্রতিষ্ঠার দৃঢ় প্রত্যয় দীপ্ত দৃষ্টিভঙ্গি তুলে ধরে বিশ্ববিদ্যালয়গুলোতে শুদ্ধাচারের মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠার গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরেন।

এ ছাড়া অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মো. আবদুল গনি, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের পরিচালক ড. ফখরুল ইসলাম, সিনিয়র এ্যাসিসটেন্ট ডাইরেক্টর মো. নজরুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ইউজিসি পরিচালক ড. মো. ফখরুল ইসলাম, রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন।

কর্মশালার শুরুতে বিশ্ববিদ্যালয়ের ফোকাল পয়েন্ট ও ডেপুটি রেজিস্ট্রার আ ফ ম মিফতাউল হকের স্বাগত বক্তব্যের পর শুভেচ্ছা বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন।



সিইই বিভাগের কর্মশালা শেষে সনদ বিতরণ অনুষ্ঠানে বক্তব্য রাখছেন ভাইস চ্যান্সেলর

# সুয়েজ ট্রিটমেন্ট প্ল্যান্ট ম্যানেজমেন্ট বিষয়ক কর্মশালা সম্পাদনের সনদ বিতরণ

গত ২৭ মার্চ বিকাল ৩টায় শাজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সিভিল এন্ড এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং (সিইই) বিভাগ আয়োজিত সুয়েজ ট্রিটমেন্ট প্ল্যান্ট ম্যানেজমেন্ট বিষয়ক কর্মশালার সার্টিফিকেট বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোহাম্মদ আজিজুল হকের সভাপতিত্বে সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সিলেটের গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী মো. কুতুব আল হোসেন।

গত ১৫ থেকে ১৬ মার্চ সিইই বিভাগে এ কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালার অংশ হিসেবে ১৬ মার্চ সিইই বিভাগের ২০১৪-১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থীবৃন্দ ও বিভাগের শিক্ষকমণ্ডলীর একাংশ সিলেট কেন্দ্রীয় কারাগারে নবনির্মিত সুয়েজ ট্রিটমেন্ট প্ল্যান্ট পরিদর্শন করেন। পরিদর্শনকালীন সময় সিলেট গণপূর্ত বিভাগের প্রকৌশলীবৃন্দ সার্বিক তত্ত্বাবধানে ছিলেন।

অনুষ্ঠানের শুরুতেই ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন কর্মশালায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের হাতে সার্টিফিকেট তুলে দেন।

# জিইই বিভাগের প্রতিষ্ঠা বার্ষিকী পালন ও শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত

গত ২৫শে জানুয়ারি শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের জিওগ্রাফি এন্ড এনভায়রনমেন্ট বিভাগের (জিইই) ৮ম প্রতিষ্ঠা বার্ষিকী জন্মদিন পালন করা হয়। অনুষ্ঠানে বিভাগের শিক্ষক-শিক্ষার্থীদের অংশগ্রহণে র‌্যালি, কেক কাটা ও বনভোজনের আয়োজন করা হয়।

এছাড়াও গত ৫ই ফেব্রুয়ারি শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের জিওগ্রাফি ও এনভায়রনমেন্ট বিভাগের (জিইই) ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়। বিকাল ৫টায় ঘটিকায় জিইই সোসাইটি বিশ্ববিদ্যালয়ের মিনি মিলনায়তনে এই অনুষ্ঠানের আয়োজন করে।

বিভাগীয় প্রধান মো. মুয়িদ হাসানের সভাপতিত্বে অনুষ্ঠানটি সঞ্চালিত হয়।


জিইই বিভাগের প্রতিষ্ঠা বার্ষিকী ও শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠান

অনুষ্ঠানে বিভাগের অন্যান্য শিক্ষকবৃন্দও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। বিদায়ী শিক্ষার্থীরা অনুষ্ঠানে তাদের বিশ্ববিদ্যালয় জীবনের অনেক মধুর অনুভূতির কথা ব্যক্ত করেন। এছাড়াও বিদায়ী শিক্ষার্থীদেরকে ক্রেস্ট প্রদান করা হয়।

# ওশেনোগ্রাফি বিভাগে নবীনবরণ অনুষ্ঠিত

গত ৩১ মার্চ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের মিনি অডিটরিয়ামে ওশেনোগ্রাফি বিভাগে নবীনবরণ অনুষ্ঠিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

এ সময় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন স্কুল অব ফিজিক্যাল সায়েন্সেসের ডিন প্রফেসর ড. মো. সাজেদুল করিম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিভাগীয় প্রধান প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার ও শুভেচ্ছা বক্তব্য রাখেন ওশেনোগ্রাফি বিভাগের প্রভাষক মো. আহসানুল ইসলাম।


ওশেনোগ্রাফি বিভাগে নবীনবরণ অনুষ্ঠানে বক্তব্য রাখছেন ভাইস চ্যান্সেলর

# শাবিপ্রবি ও গ্লাসগো বিশ্ববিদ্যালয়ের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত

গত ১৪ জানুয়ারি যুক্তরাজ্যের গ্লাসগো বিশ্ববিদ্যালয় এবং শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মধ্যে 'সুন্দরবনের প্রাকৃতিক সম্পদের টেকসই ব্যবস্থাপনা ও সংরক্ষণ' বিষয়ক যৌথ গবেষণা কার্যক্রম পরিচালনার জন্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। এরই ধারাবাহিকতায়, গত ১৪ জানুয়ারি হতে ১০ ফেব্রুয়ারি পর্যন্ত গ্লাসগো বিশ্ববিদ্যালয় ও শাবিপ্রবির ফরেস্ট্রি এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্স বিভাগের গবেষকবৃন্দ সুন্দরবনে অবস্থান করে প্রাথমিক গবেষণাকর্ম পরিচালনা করেন ও ভবিষ্যৎ গবেষণার বিষয় নির্ধারণ করেন। সুন্দরবনে এই যৌথ গবেষক দলটির নেতৃত্ব দেন ফরেস্ট্রি এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্স বিভাগের সহযোগী অধ্যাপক ড. স্বপন কুমার সরকার। এছাড়াও গ্লাসগো বিশ্ববিদ্যালয়ের গবেষকবৃন্দ 'উন্নত গবেষণা পদ্ধতি' বিষয়ক ৩ দিনব্যাপী এক কর্মশালা পরিচালনা করেন, যাতে ফরেস্ট্রি এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্স বিভাগের বিভিন্ন শিক্ষাবর্ষের ছাত্রছাত্রী ও তরুণ শিক্ষকবৃন্দ অংশগ্রহণ করেন।

# শাবিপ্রবি ও প্রগতি লাইফ ইন্সুরেন্স কোম্পানির মধ্যে স্বাস্থ্যবীমা চুক্তি স্বাক্ষরিত

গত ৭ ফেব্রুয়ারি শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের সভাকক্ষে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবিপ্রবি) ও প্রগতি লাইফ ইন্সুরেন্স কোম্পানির মধ্যে স্বাস্থ্যবীমা চুক্তি স্বাক্ষরিত হয়।

শাবিপ্রবির পক্ষে কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. ইলিয়াস উদ্দীন বিশ্বাস এবং প্রগতি লাইফ ইন্সুরেন্স কোম্পানির পক্ষে ম্যানেজিং ডিরেক্টর ও সিইও এম জালালুল আজিম চুক্তিতে স্বাক্ষর করেন।

এসময় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ, শিক্ষক সমিতির নেতৃবৃন্দ, বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান, দপ্তর প্রধানগণ, কর্মকর্তা পরিষদের নেতৃবৃন্দ এবং প্রগতি লাইফ ইন্সুরেন্স কোম্পানির উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

চুক্তিস্বাক্ষর অনুষ্ঠানে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, সকলের জন্য নিরাপদ স্বাস্থ্যসেবা নিশ্চিত করার লক্ষ্যে আজকের এই চুক্তি বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে অন্যতম মাইল ফলক হয়ে থাকবে। প্রাথমিক পর্যায়ে এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তারা এ বীমার আওতায় আসলেও অতি দ্রুত সময়ের মধ্যে সকল ছাত্রছাত্রী এবং কর্মচারীদের বীমা সেবার আওতায় নিয়ে আসা হবে।




বিশ্ব বন দিবসে ক্যাম্পাসে র‌্যালি

# এফইএস বিভাগের উদ্যোগে বিশ্ব বন দিবস পালিত

গত ২১ মার্চ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ফরেস্ট্রি এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্স (এফইএস) বিভাগের শিক্ষক ও ছাত্রছাত্রীদের অংশগ্রহণে একটি আনন্দ র‌্যালির মাধ্যমে বিশ্ব বন দিবস পালিত হয়। বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবন ই-এর সম্মুখ থেকে র‌্যালিটি বের করা হয়। র‌্যালিটি ক্যাম্পাস প্রদক্ষিণ করে একই স্থানে এসে সমাবেশে মিলিত হয়।

সমাবেশে কক্তব্য রাখেন বিভাগের শিক্ষক প্রফেসর ড. নারায়ণ সাহা, প্রফেসর ড. এ. জেড. এম. মঞ্জুর রশিদ এবং স্কুল অব এগ্রিকালচার এন্ড মিনারেল সায়েন্সেস এর ডিন ও এফইএস বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোহাম্মদ বেলাল উদ্দীন। কর্মসূচীটি পরিচালনা করেন বিভাগের সহযোগী অধ্যাপক ড. ফারজানা রায়হান। সমাবেশে বক্তারা বন ও পরিবেশ রক্ষায় সংশ্লিষ্ট বিষয়ের উপর উচ্চশিক্ষার গুরুত্ব তুলে ধরেন।

সমাবেশ শেষে এফইএস বিভাগের নার্সারী কমপ্লেক্স এর ভিতরে ফলজ, বনজ ও ঔষধী বৃক্ষ রোপনের মাধ্যমে কর্মসূচিটি সম্পন্ন করা হয়।

# জাতীয় গ্রন্থাগার দিবস উদ্‌যাপন

গত ৫ ফেব্রুয়ারি শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে সাড়ম্বরে সরকার ঘোষিত জাতীয় গ্রন্থাগার দিবস পালন করা হয়। এ উপলক্ষে গ্রন্থাগার ভবন সুসজ্জিত করা হয় এবং রাতে আলোক বিচ্ছুরণের ব্যবস্থা করা হয়।

সকাল ১০:৩০ মিনিটে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদের নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের এক র‌্যালি অনুষ্ঠিত হয়। র‌্যালিটি কেন্দ্রীয় গ্রন্থাগারের সামনে থেকে শুরু হয়ে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস প্রদক্ষিণ করে গ্রন্থাগার ভবনের সামনে এসে শেষ হয়। র‌্যালিতে অংশগ্রহণ করেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. ইলিয়াস উদ্দিন বিশ্বাস, ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, প্রক্টর প্রফেসর জহীর উদ্দিন আহমেদ, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্কুলের ডিনবৃন্দ, বিভাগীয় প্রধান ও দপ্তর প্রধানবৃন্দ, আয়োজক কমিটির সদস্যবৃন্দ, লাইব্রেরিয়ান মো. আব্দুল হাই ছামেনী ও কেন্দ্রীয় গ্রন্থাগারের কর্মকর্তা-কর্মচারীসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ।

জাতীয় গ্রন্থাগার দিবস উদ্‌যাপন কমিটির সভাপতি প্রফেসর ড. মোছাদ্দেক আহমদ চৌধুরী র‌্যালিতে উপস্থিত সকলকে ধন্যবাদ জানান।




জাতীয় গ্রন্থাগার দিবসে ক্যাম্পাসে র‌্যালি

# নিয়োগ ও আপগ্রেডেশন

## নিয়োগ ও আপগ্রেডেশনপ্রাপ্ত শিক্ষকবৃন্দ

**নিয়োগ:** জনাব জসির আহমদ, প্রভাষক, পদার্থবিজ্ঞান বিভাগ; জনাব শাহাদাত হোসেন, প্রভাষক, পদার্থবিজ্ঞান বিভাগ; জনাব ফজলে মো. তাওসিফ, প্রভাষক, আইআইসিটি; জনাব মো. আরিফুর রহমান, প্রভাষক, আর্কিটেকচার বিভাগ, মো. মাজেদুল ইসলাম খান, প্রভাষক, পিএমই বিভাগ।

## নিয়োগ ও আপগ্রেডেশনপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ

**নিয়োগ:** জনাব মো. আশরাফুজ্জামান মোল্লা, সহকারী কম্পিউটার প্রোগ্রামার, কম্পিউটার ও তথ্য কেন্দ্র (আইটি সেল); জনাব মো. আবু শাহরিয়ার রাতুল, সহকারী কম্পিউটার প্রোগ্রামার, কম্পিউটার ও তথ্য কেন্দ্র (আইটি সেল) এবং জনাব মাহবুবুর রহমান, সহকারী টিকনিক্যাল অফিসার, বিএমবি বিভাগ।

**আপগ্রেডেশন:** জনাব বাধন চন্দ্র দাস, নির্বাহী প্রকৌশলী, (সিভিল), প্রকৌশল দপ্তর; জনাব মোহাম্মদ তানজীম শাম্‌স, নির্বাহী প্রকৌশলী, (সিভিল), প্রকৌশল দপ্তর; জনাব মো. সাইদুর রহমান ভূঞা, প্রশাসনিক কর্মকর্তা, ভাইস চ্যান্সেলর দপ্তর; জনাব রাসেন্দ্র চন্দ্র দাস, প্রশাসনিক কর্মকর্তা; সেন্টার অব এক্সিলেন্স; জনাব সিরাজুল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা, রেজিস্ট্রার দপ্তর; জনাব শাহাদাত হোসেন চৌধুরী, প্রশাসনিক কর্মকর্তা; রেজিস্ট্রার দপ্তর; জনাব মো. আব্দুল্লাহ আল মামুন, প্রশাসনিক কর্মকর্তা; রেজিস্ট্রার দপ্তর; জনাব তাহমিনা খাতুন, প্রশাসনিক কর্মকর্তা; রেজিস্ট্রার দপ্তর; জনাব বিলাল আহমদ চৌধুরী, প্রশাসনিক কর্মকর্তা, পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর; জনাব মো. আব্দুল কাদির তরফদার, প্রশাসনিক কর্মকর্তা, রসায়ন বিভাগ; জনাব এ. কে. এম. জিয়াউল হাসান চৌধুরী, প্রশাসনিক কর্মকর্তা; পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর; জনাব জয়নাল আহমদ চৌধুরী, সহকারী প্রকৌশলী (সিভিল), প্রকৌশল দপ্তর; জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম, হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব দপ্তর; জনাব মোহাম্মদ সাচ্চু মিয়া, সুপারিনটেনডেন্ট, গেস্ট হাউজ; জনাব সৈয়দ মো. আলী আকবর, সিনিয়র সুপারভাইজার, পরিবহন দপ্তর; জনাব মোহাম্মদ ফারুক মিয়া, সিনিয়র সুপারভাইজার, রেজিস্ট্রার দপ্তর এবং জনাব কুলসুমা পারভীন চৌধুরী, সহকারী প্রশাসনিক কর্মকর্তা, পরিসংখ্যান বিভাগ।



বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করছেন ভাইস চ্যান্সেলর

## বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত

গত ৫-৬ মার্চ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। গত ৫ মার্চ বেলা সাড়ে ১১টায় কেন্দ্রীয় খেলার মাঠে প্রতিযোগিতার উদ্বোধন করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ। ৬ মার্চ বিকাল ৪:৩০ মিনিটে ২দিনব্যাপী বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০১৯ এর পুরস্কার বিতরণ করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ভাইস চ্যান্সেলর ফরিদ উদ্দিন আহমেদ।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন খেলাধুলা ও ক্রীড়া উপ-কমিটির সভাপতি প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার এবং শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. এস এম সাইফুল ইসলাম। এতে শুভেচ্ছা বক্তব্য রাখেন শারীরিক শিক্ষা দপ্তরের পরিচালক চৌধুরী সউদ-বিন-আম্বিয়া। অনুষ্ঠান সঞ্চালনা করেন শারীরিক শিক্ষা দপ্তরের উপপরিচালক মেহের আফরোজ।

উল্লেখ্য, বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০১৯ এর ছাত্রদের মধ্য থেকে পিএমই বিভাগের শিক্ষার্থী মেহেদী হাসান রিজভী এবং ছাত্রীদের মধ্য থেকে অর্থনীতি বিভাগের শিক্ষার্থী মাহফুজা তানিয়া চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

## আন্তঃবিভাগ ক্রিকেট প্রতিযোগিতায় সিইপি বিভাগ চ্যাম্পিয়ন

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আন্তঃবিভাগ ক্রিকেট প্রতিযোগিতায় কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং (সিইপি) বিভাগ চ্যাম্পিয়ন হয়। গত ২২ জানুয়ারি অনুষ্ঠিত ফাইনাল খেলায় গণিত বিভাগকে ২২ রানে পরাজিত করে সিইপি বিভাগ চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

খেলা শেষের পুরস্কার বিশ্ববিদ্যালয় খেলার মাঠে বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ পুরস্কার বিতরণ করেন।



আন্তঃবিভাগ ক্রিকেট প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন দলের হাতে ট্রফি তুলে দিচ্ছেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ

খেলাধুলা ও ক্রীড়া উপ-কমিটির সভাপতি প্রফেসর ড. মো. রাশেদ তালুকদারের সভাপতিত্বে এ সময় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. ইলিয়াস উদ্দিন বিশ্বাস, গণিত বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মো. গোলাম আলী হায়দার চৌধুরী, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং এন্ড পলিমার সাইন্স বিভাগের বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. ইঞ্জিনিয়ার সালমা আকতার, প্রক্টর প্রফেসর জহীর উদ্দিন আহমেদ

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন শারীরিক শিক্ষা দপ্তরের পরিচালক চৌধুরী সউদ বিন আম্বিয়া এবং সঞ্চালনা করেন শারীরিক শিক্ষা দপ্তরের উপ-পরিচালক মেহের আরা বেগম ।

উল্লেখ্য, ৯ জানুয়ারি আন্তঃবিভাগ ক্রিকেট প্রতিযোগিতা শুরু হয়।



আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন দলের হাতে ট্রফি তুলে দিচ্ছেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ

## আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতায় নৃবিজ্ঞান বিভাগ চ্যাম্পিয়ন

গত ২৭ মার্চ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়েয় আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা-২০১৯ এর ফাইনাল খেলায় নৃবিজ্ঞান বিভাগ রসায়ন বিভাগকে ২-০ গোলে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অজন করে।

বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে ফাইনাল খেলা শেষে পুরস্কার বিতরণ করেন অনুষ্ঠানের প্রধান অতিথি ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে অন্যানের মধ্যে বক্তব্য রাখেন খেলাধুলা ও ক্রীড়া উপকমিটির সভাপতি প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. এস এম সাইফুল ইসলাম, প্রক্টর প্রফেসর জহীর উদ্দিন আহমদ, রসায়ন বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মো. আশরাফুল আলম, নৃবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক মো. মোখলেছুর রহমান।

অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন শারীরিক শিক্ষা দপ্তরের পরিচালক চৌধুরী সউদ-বিন-আম্বিয়া।

## আর্কিটেকচার বিভাগে ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত

আর্কিটেকচার বিভাগে খেলাধুলার বিভিন্ন টুর্নামেন্টের আয়োজন করা হয়। এই টুর্নামেন্টগুলো হল আন্তঃব্যাচ ক্রিকেট টুর্নামেন্ট, ব্যাডমিন্টন টুর্নামেন্ট এবং ইন্ডোর গেমস উইক। ছাত্র-শিক্ষক ক্রিকেট টুর্নামেন্টটি অনুষ্ঠিত হয়েছিল ২০ জানুয়ারি। ৬ মার্চ থেকে ৯ মার্চ ছিল ব্যাডমিন্টন টুর্নামেন্ট এবং ২৪মার্চ থেকে ২৫ মার্চ ছিল ইন্ডোর গেমস টুর্নামেন্ট। ইন্ডোর গেমসগুলোর মাঝে ছিল লুডু, ক্যারাম, দাবা, ডার্ট, টেবিল টেনিস এবং সুডোকু।

# সাস্টবার্তা



২০১৮-১৯ শিক্ষাবর্ষের ১ম বর্ষ ১ম সেমিস্টারের এ ইউনিটের নবীনবরণ অনুষ্ঠানে বক্তব্য রাখছেন পররাষ্ট্র মন্ত্রী ড. এ কে আবদুল মোমেন, এমপি

## শাবিপ্রবি শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠিত

গত ১৬ ও ১৭ জানুয়ারি শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের ১ম বর্ষ ১ম সেমিস্টারের নবীনবরণ অনুষ্ঠিত হয়। ১৬ জানুয়ারি সকাল ৯টায় বিশ্ববিদ্যালয়ের সেন্ট্রাল অডিটোরিয়ামে 'এ' ইউনিটের ভর্তিকৃত শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পররাষ্ট্র মন্ত্রী ড. এ কে আবদুল মোমেন, এমপি।

প্রধান অতিথির বক্তব্যে পররাষ্ট্র মন্ত্রী ড. এ কে আবদুল মোমেন বলেন, বাংলাদেশ এখন বিশ্বের অপরাপর রাষ্ট্রের কাছে উন্নয়নের মডেল। একটি উন্নয়নশীল দেশ হিসেবে আমাদের প্রতিবেশী দেশগুলো থেকে সামাজিক বিভিন্ন সূচকে অনেক অগ্রসর। গত দশ বছরে দেশ অনেক অগ্রসর হয়েছে। এটা সম্ভব হয়েছে প্রধানমন্ত্রীর শেখ হাসিনার যোগ্য নেতৃত্বের কারণে। তবে আমরা বর্তমান অবস্থানেই থেমে থাকতে চাইনা। আমরা আরো সামনে যেতে চাই।

পররাষ্ট্র মন্ত্রী আরো বলেন, আমরা চাই বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়তে। যেখানে সকল নাগরিকের সমান সুযোগ থাকবে। সবাই সমান অধিকার ভোগ করতে পারবে।

তিনি শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, তোমরা বর্তমান পর্যায়ে অপ্রজ্জ্বলিত নক্ষত্র। এখন আমাদের কাজ শুধু তোমাদের জ্বালিয়ে দেয়া। তোমরা শুধু বিশ্বাস রাখবে যে, 'We can do'। তাহলে সামনে এগুতে পারবে। তোমরাই আগামী দিনের নেতা, তোমরাই নেতৃত্বে আসবে।

ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদের সভাপতিত্বে ওরিয়েন্টেশন অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ভর্তি কমিটির সভাপতি প্রফেসর ড. মো. শামসুল হক প্রধান এবং বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. ইলিয়াস উদ্দীন বিশ্বাস। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মো. আবদুল গনি ও বিজনেস এডমিনিস্ট্রেশন অনুষদের ডিন প্রফেসর ড. মোছাদ্দেক আহমেদ চৌধুরী, ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, ভর্তি কমিটির সদস্য সচিব ও প্রক্টর প্রফেসর জহীর উদ্দিন আহমদ, যৌন হয়রানি অভিযোগ কমিটির সভাপতি প্রফেসর ড. নাজিয়া চৌধুরী এবং রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন। নবীনদের পক্ষ থেকে বক্তব্য রাখেন নৃবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী জমির উদ্দিন এবং অর্থনীতি বিভাগের শিক্ষার্থী জারিম তাসনিম আনিকা।

গত ১৭ জানুয়ারি সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের সেন্ট্রাল অডিটোরিয়ামে ২০১৮-১৯ শিক্ষাবর্ষের ১ম বর্ষ ১ম সেমিস্টারের 'বি' ইউনিটের ভর্তিকৃত শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিকল্পনা মন্ত্রী এম এ মান্নান, এমপি।

প্রধান অতিথির বক্তব্যে পরিকল্পনা মন্ত্রী এম এ মান্নান বলেন, আমরা জাতি হিসেবে পেছনে ফিরে তাকাতে চাই না। আমরা সামনে অগ্রসর হতে চাই। আমরা আতীতে দীর্ঘদিন অবদমিত ছিলাম। আমাদেরকে অন্ধকারের পুনরাবৃত্তি যাতে না হয় সে ব্যাপারে আমাদেরকে সজাগ থাকতে হবে।

তিনি শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, আমাদের উচ্চাভিলাষ আছে। আমরা অপরাপর উন্নত জাতির মতো মাথা উঁচু করে দাঁড়াতে চাই। তবে কাউকে অবদমিত করতে চাই না। আর সেই উচ্চাভিলাষ অর্জনের মাধ্যম হচ্ছে তোমরা–আজকের মেধাবী শিক্ষার্থীরা। তোমাদের জন্য উচ্চ শিক্ষায় গবেষণার জন্য বর্তমান সরকার আরো অর্থ বরাদ্দ দিবে। বিশ্বের সাথে তাল মিলিয়ে চলার জন্য ভালমানের গবেষণা দরকার। এজন্য তোমাদেরকে জ্ঞানার্জন করতে হবে। তোমাদেরকে বড় হতে হবে। তোমাদের মাধ্যমে আমরা এমন একটি সমাজ গড়তে চাই যা হবে আরো সুন্দর, সভ্য, বিজ্ঞানমনস্ক, প্রগতিশীল এবং ন্যায়ের উপর প্রতিষ্ঠিত। তোমরা জ্ঞানার্জনের জন্য প্রয়োজনে বিদেশে যাবে। তবে বেলা শেষে পাখির মতো নিজ ঠিকানায় ফিরে আসবে। তাহলেই আমাদের প্রচেষ্টা সফল হবে।

ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদের সভাপতিত্বে ওরিয়েন্টেশন অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ভর্তি কমিটির সভাপতি প্রফেসর ড. মো. শামসুল হক প্রধান এবং বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. ইলিয়াস উদ্দীন বিশ্বাস। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন স্কুল অব ফিজিক্যাল সায়েন্সেসের ডিন প্রফেসর ড. আহমদ কবীর, স্কুল অব লাইফ সায়েন্সেসের ডিন প্রফেসর ড. মো. শামসুল হক প্রধান, স্কুল অব এগ্রিকালচার এন্ড মিনারেল সায়েন্সেসের ডিন প্রফেসর ড. মোহাম্মদ বেলাল উদ্দিন, স্কুল অব এপ্লাইড সায়েন্সেস এন্ড টেকনোলজির ডিন প্রফেসর ড. আবুল মুকিত মোহাম্মদ মোকাদ্দেস, স্কুল অব মেডিক্যাল সায়েন্সেসের ডিন প্রফেসর ডা. মো. ময়নুল হক, ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, ভর্তি কমিটির সদস্য–সচিব ও প্রক্টর প্রফেসর জহির উদ্দীন আহমদ, যৌন হয়রানি অভিযোগ কমিটির সভাপতি প্রফেসর ড. নাজিয়া চৌধুরী এবং রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন। নবীনদের পক্ষ থেকে বক্তব্য রাখেন পরিসংখ্যান বিভাগের শিক্ষার্থী ইউসুফ আলী এবং কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থী আয়শা হায়দার চৌধুরী।



২০১৮-১৯ শিক্ষাবর্ষের ১ম বর্ষ ১ম সেমিস্টারের বি ইউনিটের নবীনবরণ অনুষ্ঠানে বক্তব্য রাখছেন পরিকল্পনা মন্ত্রী এম এ মান্নান, এমপি


### মুদ্রণ ও প্রকাশনা কমিটি

সভাপতি

**প্রফেসর ড. এস এম হাসান জাকিরুল ইসলাম**, পিএসএস বিভাগ

সদস্য

**প্রফেসর ড. শরদিন্দু ভট্টাচার্য**, বাংলা বিভাগ
**প্রফেসর আমিনা পারভিন**, সমাজকর্ম বিভাগ
**মোহাম্মদ মতিউর রহমান খান**, ডেপুটি লাইব্রেরিয়ান, কেন্দ্রীয় গ্রন্থাগার
**মোহাম্মদ আবুল হাসনাত**, প্রভাষক, বিএমবি বিভাগ

সদস্য–সচিব

**মো. নূরুল আমীন**, প্রশাসনিক কর্মকর্তা, জনসংযোগ শাখা